

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি
সাধারণিক রোড, চট্টগ্রাম।
www.cevta.gov.bd

নথি নং-১জিএল/এলটিএম-৬/বিসিটা/২০২৪/

তারিখ : ১০/০৫/২০২৪ খ্রি।

সীমিত দরপত্র বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এ বৈদ্যুতিক সামগ্রী, কম্পিউটার সামগ্রী, বইপত্র ও সামগ্রী, পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী ক্রয়/সরবরাহ করার জন্য তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীর নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০২। দরপত্র দাখিল সংক্রান্ত তথ্যাবলীঃ

১.	নির্মাণ/সরবরাহের নাম	বৈদ্যুতিক সামগ্রী, কম্পিউটার সামগ্রী, বইপত্র ও সামগ্রী, পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী
২.	দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	১২/০৫/২০২৪ খ্রি.
৩.	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	২৭/০৫/২০২৪ খ্রি. (বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত)
৪.	দরপত্র জমা দানের শেষ তারিখ ও সময়	২৮/০৫/২০২৪ খ্রি. দুপুর ১২:০০ ঘটিকা
৫.	দরপত্র খোলার তারিখ ও সময়	২৮/০৫/২০২৪ খ্রি. দুপুর ২.০০ ঘটিকা
৬.	দরপত্র সিডিউল বিক্রয়কারী অফিস	রাজস্ব কর্মকর্তা (সদর), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৭.	দরপত্র জমাদানের স্থান	জিএল শাখায় রক্ষিত বাস, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৮.	দরপত্র খোলার স্থান	রাজস্ব কর্মকর্তা (সদর), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৯.	দরদাতার যোগ্যতা	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম বন্দর এবং গণপূর্ত বিভাগ, চট্টগ্রাম এর নির্মাণ/সরবরাহ শাখার জন্য তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।
১০.	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	প্রতি লটের ক্ষেত্রে - ১০০০/-

০৩। দরপত্র আহ্বানের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে।

- সরবরাহকারী প্রতিষ্ঠান কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- দরপত্রের সাথে জমাকৃত কোন ডকুমেন্ট, সার্টিফিকেট, অন্যান্য কাগজপত্র মিথ্যা/জালিয়াতি প্রমাণিত হলে তাৎক্ষণিক দরপত্র/কার্যদেশ বাতিল বলে গণ্য হবে।
- খামের উপরে কাজের নাম স্পষ্টকারে লিখতে হবে এবং বাম পার্শ্বে প্রতিষ্ঠানের ঠিকানা ও ডান পার্শ্বে দরপত্র আহ্বানকারীর ঠিকানা লিখতে হবে।
- প্রযোজ্য ভ্যাট/করসহ দর উল্লেখপূর্বক দর অংকে এবং মোট যোগফল অংকে ও কথায় পরিষ্কারভাবে লিখতে হবে।
- হাল নাগাদ ট্রেড লাইসেন্স, টি আই এন, বি আই এন এবং ব্যাংক স্টেটমেন্ট এর সত্যায়িত কপি দরপত্র সিডিউলের সাথে জমা দিতে হবে।
- সফল দরদাতাকে কার্যদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে শর্ত মোতাবেক এর কাজ সম্পন্ন করা পূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তা/কমিটির প্রত্যয়নসহ ০২ (দুই) প্রস্থ বিল দাখিল করতে হবে।
- সরকারী নিয়ম অনুযায়ী বিলের মোট দাবী হতে ভ্যাট/কর কর্তন করা হবে।

(স্বাক্ষর)

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

মহাপরিচালক

☎ ০২-৩৩৩৮০২৪১, ☎ ০২-৪৩১৫০২৪৬

bcta2018@gmail.com

তারিখ : ১২/০৫/২০২৪ খ্রি।

নথি নং-১জিএল/এলটিএম-৫/বিসিটা/২০২৪/৮০০২

অনুশিপি বিতরণঃ

- অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম অঞ্চল, পাহাড়তলী, চট্টগ্রাম। (উক্ত দরপত্রটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডে লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- সচিব, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম। (উক্ত দরপত্রটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। (উক্ত দরপত্রটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডে লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
- হিসাব শাখা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ওয়েবসাইট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- এ দপ্তরের নোটিশ বোর্ড।
- অফিস কপি।

(মোঃ মোয়াজ্জেম হোসেন)
মহাপরিচালক